



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 6 October 2026

TIME: 7:35 AM

শিলচর পৌর নিগম নির্বাচনের ভোট গণনা আজ সকাল সাড়ে সাতটা থেকে শুরু হয়েছে। প্রথমে পোস্টাল ব্যালটের গণনা করা হচ্ছে। এরপর রামনগর আন্তঃরাজ্য ট্রাক টার্মিনাস (আই এস টি টি)তে সকাল ৮টা থেকে ব্যালটের ভোট গণনা শুরু হবে। আজ প্রতিটি কক্ষে ১৪টি করে টেবিল থাকবে। প্রতিটি ওয়ার্ডের ভোট গণনার জন্য তিন বা চারটি করে টেবিল থাকবে। সর্বোচ্চ চারটি রাউন্ডে ভোট গণনা শেষ হবে বলে জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে। এছাড়া যেসব ওয়ার্ডে ভোটের সংখ্যা কম, সেসব ওয়ার্ডের গণনা তিন রাউন্ডেই শেষ হয়ে যাবে বলে আশা করা হচ্ছে।

এদিকে গত শনিবারের ভোট গ্রহণের পর শিলচর পৌর নিগমের ৪০টি ওয়ার্ডের ব্যালট বাক্স আই এস টি টি স্ট্রং রুমে রাখা হয়। গণনা কেন্দ্রে ভোট গণনা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একেকটি কক্ষের প্রতিটি টেবিলে একজন করে মাইক্রো-অবজারভার, গণনা সহকারী এবং গণনা পর্যবেক্ষক থাকবেন। এছাড়া প্রতিটি কক্ষে দুজন করে সহকারী রিটার্নিং অফিসার থাকবেন। সব মিলিয়ে শিলচর পৌর নিগম নির্বাচনের ভোট গণনার জন্য আজ প্রায় সাতশো সরকারী কর্মীকে নিয়োজিত করা হয়েছে।

এদিকে ভোট গণনার কাজ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে কাছাড়ের জেলা আয়ুক্তের পক্ষ থেকে গণনা কেন্দ্রে প্রবেশকারী সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য বেশকিছু নির্দেশ জারি করা হয়েছে। এই নির্দেশ অনুযায়ী নির্বাচন পর্যবেক্ষক, জেলা আয়ুক্ত, জেলা উন্নয়ন আয়ুক্ত, সম-জেলা আয়ুক্ত, অতিরিক্ত জেলা আয়ুক্ত, সহকারী রিটার্নিং অফিসার, নির্বাচনী আধিকারিক, সিনিয়র পুলিশ সুপার, অতিরিক্ত ও ডেপুটি পুলিশ সুপার, সংশ্লিষ্ট থানার অফিসার ইন-চার্জ এবং জেলা আয়ুক্তের দ্বারা বিশেষভাবে অনুমোদিত আধিকারিক-কর্মচারী ছাড়া অন্য কেউ গণনা কেন্দ্রের ভেতরে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করতে পারবেন না। এছাড়া গণনা কেন্দ্রে ল্যাপটপ, ট্যাবলেট, ডিজিটাল বা স্মার্ট ঘড়ি, ইয়ার বাদ, ক্যালকুলেটর, ক্যামেরাযুক্ত চশমা, ক্যামেরা, পেন, ব্যাটারি, রেডিও, ট্রানজিস্টর, ট্রান্সমিটার সহ বিভিন্ন বৈদ্যুতিন সামগ্রী নিষিদ্ধ করা হয়েছে। আবার ছুড়ি, কাঁচি বা ধারালো কোনো বস্তু, আতসবাজি, দিয়া শলাই, অস্ত্র, গুলি, লাঠি নিয়োও প্রবেশ করা যাবে না। অন্যদিকে জলের বোতল, বাইরের খাবার, ছাতা, বড় ব্যাগ, কালি, ফাউন্টেন পেন, টিফিন ক্যারিয়ার, লাইটার, পেট্রোল জাতীয় সামগ্রী, নেশা জাতীয় পদার্থ, রাসায়নিক ও দাহ্য পদার্থ, ভিডিও ক্যামেরা, সাউন্ড রেকর্ডিং ডিভাইস নিষিদ্ধ করা হয়েছে। তবে অনুমোদিত ক্যামেরার ক্ষেত্রে তা প্রযোজ্য হবে না।

.....

অন্যদিকে যেকোনো রাজনৈতিক দলের ব্যানার, পতাকা, প্রচার পত্র, ফেস্টুন, রঙের গুঁড়ো এবং গণনা প্রক্রিয়ায় বিঘ্ন সৃষ্টিকারী যেকোনো সামগ্রী বা পদার্থ নিয়ে প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। আজ অনুষ্ঠেয় ভোট গণনা পর্ব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে গণনা কেন্দ্রে নিয়োজিত সকল সংশ্লিষ্ট ব্যক্তিকে জেলা আয়ুক্তের জারি করা নির্দেশাবলী কঠোরভাবে মেনে চলার অনুরোধ করা হয়েছে।

.....

রাজ্যের নগাঁও লোকসভা আসন সহ পশ্চিমবঙ্গ , তামিলনাড়ু এবং পুডুচেরীর ৫ টি বিধানসভা আসনে আজ ভোট গ্রহন করা হচ্ছে । আজ উপ-নির্বাচনে ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য ২০৩ জন সেক্টর আধিকারিক এবং ৫৩ জন জোনাল আধিকারিককে নিয়োগ করা হয়েছে । এছাড়া ২ হাজার ৩০৭ জন নিরাপত্তারক্ষী নিয়োজিত করা হয়েছে । জেলা আয়ুক্ত সৃষ্টি সিং জানান যে স্পর্শকাতর ভোটকেন্দ্রগুলোতে অতিরিক্ত নিরাপত্তারক্ষী নিয়োগ করা হয়েছে । উল্লেখ্য কংগ্রেস সাংসদ প্রদুৎ বরদলৈ সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনে ভারতীয় জনতা পার্টির হয়ে গুয়াহাটীতে প্রতিদ্বন্দিতা করার জন্য নগাঁও লোকসভা আসনের সাংসদ পদ থেকে পদত্যাগ করেন , তাই আজ নগাঁও-তে উপ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে ।

.....

রাজ্যের খাদ্য , গ্রাহক পরিক্রমা ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত লক্ষীপুর উন্নয়ন খন্ডে সেবা সেতু অভিযানের উদ্বোধন করেন । শিবিরে নাগরিকরা অরুণোদয় , আয়ুস্মান ভারত , ভূমি সংরক্ষন পরিষেবা , জন্ম, মৃত্যু ও বিবাহের শংসা পত্র , পি এম সূর্য ঘর , পেনশন , কিসান ক্রেডিট কার্ড, রেশন কার্ড , নিযূত মইনা , নিযূত বাবু , পি এম স্বনিধি এবং জন ধন যোজনার মতো প্রকল্প ও পরিষেবার সুবিধা নিতে পারছেন । উদ্বোধনী অনুষ্ঠানে জেলা আয়ুক্ত রাহুল কুমার গুপ্তা , অতিরিক্ত জেলা আয়ুক্ত ধুবজ্যোতি পাঠক প্রমুখ উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসেবার ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত মাসব্যাপী সেবা সংকল্প অভিযানের লক্ষ্য হলো সরকারী পরিষেবা ও জনকল্যান মূলক প্রকল্পের সুবিধা সরাসরি সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া ।

.....

শ্রীভূমি জেলায় গত পয়লা অক্টোবর থেকে শুরু হওয়া সেবা সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে আজ পৌর এলাকায় দুটি অতিরিক্ত শিবির অনুষ্ঠিত হবে। আজ সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত শ্রীভূমি পৌর এলাকার জন্য বিপিন চন্দ্র পাল স্মৃতি ভবনে এবং রামকৃষ্ণ নগর পৌর এলাকার জন্য রামকৃষ্ণ নগর কলেজ প্রেক্ষাগৃহে সেবা সংকল্প অভিযান শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে প্রায় ২২টি সরকারী বিভাগ অংশ গ্রহন করবে। জেলা প্রশাসন থেকে জনসাধারণকে শিবিরে অংশগ্রহন করে অভাব-অভিযোগ নিষ্পত্তির সুযোগ গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে।

এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল হাইলাকান্দি টাউন হলে সপ্তাহব্যাপী সেবা সংকল্প অভিযানের দ্বিতীয় শিবির সম্পন্ন হয়েছে। শিবিরে জেলা আয়ুক্ত জয় বিকাশ ও বিধায়ক ডক্টর মিলন দাস উপস্থিত ছিলেন।

.....

শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের দক্ষতা উন্নয়ন কেন্দ্র ও প্রতিষ্ঠান উদ্ভাবন পরিষদের জনসচেতনতামূলক কার্যসূচীর অংশ হিসেবে গতকাল শিলচর নরসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে #পাঠ্যপুস্তকের বাইরে রসায়ন # শীর্ষক এক বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষজ্ঞ বক্তা হিসেবে গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের দক্ষতা উন্নয়ন কেন্দ্রের আধিকারিক এবং প্রতিষ্ঠান উদ্ভাবন পরিষদের সমন্বয়ক ডঃ সুভাষ দেবনাথ উপস্থিত ছিলেন। তিনি তাঁর বক্তব্যে দৈনন্দিন জীবনে রসায়নের প্রয়োগ, স্বাস্থ্য ও চিকিৎসা ক্ষেত্রে রসায়নের গুরুত্ব তুলে ধরেন। এছাড়া তিনি রসায়ন ভিত্তিক বিভিন্ন কর্মসংস্থানের সুযোগ সম্পর্কেও আলোচনা করেন।
